

## সংকলনের পরিধি

এই রিপোর্টে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২০টি ইউনিটের বিভিন্ন সালের গুরুতর আর্থিক অনিয়ম ও ক্ষয়ক্ষতি সম্পর্কিত ৫৪টি অডিট আপত্তির মধ্যে ১৯টি আপত্তিকে একীভূত করিয়া ৪টি যৌথ খসড়া অনুচ্ছেদ এবং ৩৫টি স্বতন্ত্র খসড়া অনুচ্ছেদ, মোট ৪+৩৫ = ৩৯টি খসড়া অনুচ্ছেদ স্থান পাইয়াছে।

এই রিপোর্টে যে সকল আর্থিক অনিয়ম, ত্রুটিপূর্ণ আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনা ইত্যাদি অন্তর্ভুক্ত হইয়াছে, তাহা উত্থাপিত সময়ের (অথবা তাহার পূর্ববর্তী সময়ের) সমগ্র লেনদেনের যে ক্ষুদ্রাতিক্ষুদ্র অংশ নিরীক্ষা করা হইয়াছে উহারই সামান্য কিছু প্রতিফলন মাত্র। সুতরাং এই রিপোর্টের আপত্তি ও মন্তব্যগুলি উদাহরণমূলক এবং তাহা কোনমতেই বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আর্থিক শৃঙ্খলার মান সম্পর্কিত পূর্ণাঙ্গ চিত্র নহে।